গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**মাসিক সমন্বয় সভার কার্য বিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **২৪ অক্টোবর ২০২৪ খ্রি.** |
| সভার সময় | বেলা **১২:০০** ঘটিকা |
| স্থান | জিএসবি এর ৪র্থ তলার সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের অক্টোবর/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান। কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিতে গত ২৯-০৯-২০২৪ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৯-০৯-২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১। | ২০২৪-২০২৫ অর্থবছরের বহিরংগন সংক্রান্ত আলোচনায় জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখাপ্রধান, অপারেশন ও সমন্বয় বলেন অক্টোবর মাসে তিনটি বহিরঙ্গন কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা ছিল। চলতি বছরে বর্ষাকাল বিলম্বিত হওয়ায় জরিপ এলাকায় পানি থাকায় নমুনা সংগ্রহ ও অন্যান্য কাজ সঠিকভাবে পরিচালনা করা সম্ভব নয় বলে সবগুলো কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। বৈশ্লেষিক রসায়ন শাখা থেকে একটি দল বহিরঙ্গনে কাজ শুরু করেছে। স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব শাখা ও শিলাবিদ্যা ও মণিকবিদ্যা হতে দল বহিরঙ্গনে যেতে পারেনি। জনাব আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব বলেন, পানির স্তর উপরে থাকায় এই মুহুর্তে তার শাখার বহিরংগন কাজ পরিাচলনা করা সম্ভব নয়। কখন হলে ভালো হয় মর্মে সভাপতি জানতে চাইলে তিনি বলেন যে, ডিসেম্বরে এই কাজ পরিচালনার জন্য উপযুক্ত সময়। জনাব মোহাম্মদ নুরুল হক, উপপরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা বলেন, তার শাখার বহিরংগন কাজও এই মুহুর্তে পরিচালনা করা সম্ভব এবং ডিসেম্বর উপযুক্ত সময় বলে উল্লেখ করেন। সভাপতি বলেন, যদি কাজ পরিচালনার জন্য সময়টা সঠিক না হয় তাহলে এই সময় কেন কার্যক্রম রাখা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বহিরঙ্গন কার্যক্রম যাচাই-বাছাই কমিটির সভাপতি জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) জানান যে, সবগুলো বহিরংগন প্রস্তাব আসার পর কমিটি প্রস্তাবগুলো নিয়ে সভা করে এবং প্রয়োজনীয়তা, গুরুত্ব ও পারিপার্শ্বিকতা বিবেচনা করে বাছাই করেন। তিনি বলেন, কার্যক্রম পরিচালনা উপযোগী প্রয়োজনীয় সংখ্যক গাড়ি না থাকায় একই সাথে ৩টির বেশি বহিরঙ্গন কার্যক্রম পরিচালনা করা সম্ভব নয়। আবার সকলেই বহিরঙ্গন কার্যক্রমই ডিসেম্বর/জানুয়ারী মাসে পরিচালনা করতে চান। সেটা সম্ভব নয় বলে কাজের ধরণসহ সার্বিক বিষয় বিবেচনা করে কমিটির সদস্যগণ কর্তৃক সম্মিলিতভাবে বহিরংগন কার্যক্রম নির্বাচন এবং সময় নির্ধারণ করা হয়েছে। সভাপতি বহিরঙ্গন কার্যক্রম যাচাই-বাছাই কমিটিকে বহিরঙ্গন কাজগুলোকে রিসিডিউল করতে বলেন। জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, এখন বহিরঙ্গন কার্যক্রম পরিচালনার মূল সমস্যা হচ্ছে প্রয়োজনীয় সংখ্যক সচল গাড়ি না থাকা। সভাপতি এর কারণ জানতে চাইলে তিনি বলেন, জিএসবির বেশিরভাগ গাড়ি ১০ থেকে ২০ বছরের পুরনো। সেগুলো বহিরঙ্গন কার্যক্রম পরিচালনার উপযোগী নয় এবং সে কারণে জিএসবির বহিরঙ্গন কার্যক্রমও কমিয়ে আনতে হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, গাড়ির স্বল্পতার কারণে কার্যক্রম তো সংকুচিত করা যৌক্তিক নয় এবং তিনি উল্লেখ করেন এই মুহূর্তে গাড়ি ক্রয় করা না গেলে ভাড়ার ব্যবস্থা করার উদ্যোগ গ্রহণ করতে হবে। সভাপতি বলেন, যে গাড়িগুলো কনডেম করে বিক্রি হয়ে গেছে এবং যেগুলো বিক্রির মত সে প্রক্রিয়া সম্পন্ন করে গাড়ির একটা পরিপূর্ণ তালিকা তৈরি করতে হবে। এই গাড়ির তালিকাসহ গাড়ি ভাড়া করার প্রস্তাব অতি শীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | ক) বহিরংগন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।<br>খ) বহিরঙ্গান কাজগুলোকে রিসিডিউল করতে হবে।<br><br>গ) গাড়ি ভাড়ার প্রস্তাব অতি শীঘ্র জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |

| | | | |
|---|---|---|---|
| ৩.২। | ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় অপারেশন ও সমন্বয় শাখার পরিচালক বলেন, শতভাগ ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, হার্ডকপি প্রকাশ করার পূর্বে তাঁকে যেন অবশ্যই দেখানো হয়। সভায় প্রশিক্ষণের বিষয়ে জানতে চাওয়া হলে সভাপতি বলেন, প্রশিক্ষণ যথাযথভাবে চলবে। তিনি পিপিআর (PPR) এবং প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণগুলোর গুরুত্ব আরোপ করেন। ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূপদার্থ) বলেন, পিপিআর বা প্রজেক্ট ম্যানেজমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণগুলো ক্ষেত্রে সার্টিফিকেটনের ব্যবস্থা থাকলে ভালো হয়। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন এবং তিনি বলেন, এ ধরণের প্রশিক্ষণ একদিনের হলেও সার্টিফিকেট প্রদান করা উচিত। জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) এপিএ বাস্তবায়নের বিষয়ে জিএসবির পদক্ষেপ গুলো কী হবে জানতে চাইলে, সভাপতি বলেন, যেহেতু এপিএ স্থগিত বা অন্যকোন কোনো নির্দেশনা প্রদান করা হয়নি সুতরাং এপিএ পূর্বে ন্যায় বাস্তবায়ন করতে হবে। জনাব আরিফ মাহমুদ,পরিচালক (ভূতত্ত্ব) জানতে চান যে, শুদ্ধাচারের বিষয়ে জিএসবির সকল কর্মকর্তা-কর্মচারীদের যে প্রশিক্ষণ দেয়া হয় সেই প্রশিক্ষণগুলো আয়োজন করা হবে কিনা। সভাপতি বলেন, প্রশিক্ষণ চলুক তবে শুদ্ধাচারের ব্যানারে অন্যান্য প্রয়োজনীয় টপিকে নিড বেজ ট্রেনিং প্রদান করা হবে। সভাপতি আরও বলেন, কোনো শাখার বিশেষ ট্রেনিং এর দরকার হলে সেটা ইউ-নোট আকারে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান বরাবর চাহিদা প্রেরণ করা যেতে পারে। | ক) ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>খ) বার্ষিক প্রতিবেদনের হার্ডকপি প্রকাশ করতে হবে।<br><br>গ) প্রশিক্ষণ নিড বেজ আয়োজন করতে হবে। | এপিএ টিমসহ সংশ্লিষ্ট শাখাসমূহ |

| | | | |
|---|---|---|---|
| | **প্রশাসনিক আলোচনা** | | |
| ৩.৩। | নিয়োগ সংক্রান্ত বিষয়ে পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, কর্মচারীদের নিয়োগ প্রক্রিয়া মহাপরিচালকের নির্দেশ অনুযায়ী স্থগিত রয়েছে তবে সেটা আগামী ৩ নভেম্বর/২৪ তারিখ থেকে শুরু করা হবে। কর্মচারীদের নিয়োগের বিষয়ে কারো কোন মতামত আছে কিনা সভাপতি জানতে চাইলে জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কর্মকর্তাদের বিসিএস নন ক্যাডার থেকে নিয়োগের পরিবর্তে সরাসরি নিয়োগ পরীক্ষা গ্রহণের মাধ্যমে নিয়োগ করা হলে সেটা বোধ হয় বেশি ভালো হয়। কারণ বিসিএস পরীক্ষায় ভূতাত্ত্বিক বিষয়ে কোন পরীক্ষা গ্রহণ করা হয় না সেখানে বাংলা ইংরেজ বা অন্যান্য বিষয়ে পরীক্ষা গ্রহণ করা হয়। সে ক্ষেত্রে বিপিএসসিকে আলাদাভাবে নিয়োগের জন্য জানানো যেতে পারে যেখানে ভূতত্ত্ব বিষয়েও পরীক্ষা গ্রহণ করা হয়। | ক)কর্মকর্তাদের শূন্য পদ সমূহে নিয়োগের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে<br><br>খ) কর্মচারীদের চলমান নিয়োগ প্রক্রিয়া শেষ করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| | **বিবিধ আলোচনা** | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | প্রকল্প বিষয়ক আলোচনায় পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, Geo-Information for the Implementatin of Climate Change-Resilient Urbanization (GICU) শীর্ষক প্রকল্পের বিষয়ে বলেন, প্রকল্প পরিচালক অব্যাহতি চেয়েছেন। নতুন প্রকল্প পরিচালক নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের বিষয়ে পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, আগামী ২৮-১০-২৪ তারিখ সোমবার সকল অংশীজনদের নিয়ে প্রকল্পবিষয়ক একটি কর্মশালা আয়োজন করা হবে। সভাপতি বলেন, উপদেষ্টা মহোদয় বলেছেন এটা যেহেতু কম গুরুত্বপূর্ণ একটা প্রকল্প তাই আপাতত স্থগিত থাকুক। তিনি বলেন, সার্বিক বিষয় বিবেচনা করে তাঁর কাছে মনে হয়েছে প্রকল্পটার প্রয়োজনীয়তা রয়েছে এবং প্রকল্পটা কেন প্রয়োজন এই বিষয়টা আলোচনা করার জন্য এই কর্শালার আয়োজন করা হয়েছে। জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তার শাখার কর্তৃক ভূমিকম্প বিষয়ক একটি প্রকল্প প্রস্তুত করা হয়েছে এবং সে বিষয়ে তিনি উপস্থাপনা প্রদান করতে চান। সভাপতি এ প্রকল্পটির বিষয়ে উপস্থাপনাও কর্মশালায় অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন। | ক) GICU প্রকল্পের নতুন প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে।<br><br>খ)খনন সক্ষমতা বৃদ্ধি এবং ভূমিকম্প বিষয়ক প্রকল্পের উপস্থাপনা প্রদান করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট কমিটি ও শাখাসমূহ। |
| ৩.৫ | সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের পূর্ত কাজের বিষয়ে জনাব মো: মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সিলেটে সাইট অফিসের কাজ প্রায় ৮০% সম্পন্ন হয়েছে এবং ফিনিশিং এর কাজ এখনো বাকি রয়েছে। ডিপ টিউবওয়েল স্থাপনের কাজ চলছে এবং ১৩২ ফুট পর্যন্ত বোরিং করা হয়েছে। তিনি বলেন, বিদ্যুৎ লাইন স্থাপনের জন্য পিডিবি বরাবর টাকা প্রেরণ করা হয়েছে কিন্তু এখনো লাইন স্থাপন করা হয়নি।<br><br>কুড়িগ্রাম জেলায় বালু প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট এবং বালু গবেষণা কেন্দ্র স্থাপনের বিষয়ে জানাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব জনাব মোঃ অলিউর রহমান বিষয়টা দেখছেন। তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করে পরবর্তী কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষে উপসচিব জনাব মোঃ অলিউর রহমানের সাথে আলোচনার বিষয়ে অনুরোধ জ্ঞাপন করেন। | ক) সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য স্থাপনা চলমান নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।<br><br>খ)কুড়িগ্রাম জেলায় বালু প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট এবং গবেষণা কেন্দ্র স্থাপনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি ও শাখাসমূহ। |

৪. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধ্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-১১-২০২৪
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.২৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। জিএসবির শাখা প্রধানগণ।
৩। মো: মিজানুর রহমান, পরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৫। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

২৮-১১-২০২৪
মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)